

আইডিএসকে ও প্রতীচী ইন্সটিটিউটের যৌথ উদ্যোগে

অমর্ত্য সেনের রাজনৈতিক দর্শন বিষয়ে পাঠচক্র

অমর্ত্য সেন সমকালীন বিশ্বের সমাজ চিন্তকদের মধ্যে অন্যতম। তাঁর সুগভীর ও সুগঠিত চিন্তাগুলি কল্যাণমূলক অর্থনীতি কিংবা সামাজিক চয়ন চর্চাক্ষেত্রের জটিল তত্ত্বায়নের আঙিনা ছাড়িয়ে সামাজিক ও রাজনৈতিক দর্শনক্ষেত্রে পরিব্যাপ্ত। সমকালীন বিশ্বে সমাজ-রাজনীতি বিষয়ে ওয়াকিবহাল এমন অনেকেই আছেন যাঁদের কল্যাণমূলক অর্থনীতি কিংবা সামাজিক চয়ন তত্ত্বের গভীরে গিয়ে অধ্যয়নের সুযোগ ঘটে নি; এই ধরনের উৎসাহীদের অমর্ত্য সেনের সমাজ দর্শন জানতে বুঝতে আগ্রহ থাকার যথেষ্ট কারণ রয়েছে। অথচ এ দেশের উচ্চশিক্ষার পঠনপাঠনের পরিসরে তাঁর রচনাবলির প্রভাব যতটা প্রগাঢ় হওয়া উচিত ছিল তা হয় নি বলেই আমাদের মনে হয় – সমাজবিজ্ঞানের যে কোনও শাখায় একজন স্নাতক অমর্ত্য সেনের মননগত অবদানের সঙ্গে বিশেষ পরিচয় ছাড়াই রাষ্ট্রবিজ্ঞান কিংবা সমাজবিদ্যা, দর্শন কিংবা অর্থনীতির পড়া সাজ করে ডিগ্রি পেয়ে যেতে পারেন। অপরিচয়ের কারণ এখানে ছাত্রছাত্রীদের অনাগ্রহ নয়, আস্থাদানের প্রাতিষ্ঠানিক সুযোগ না ঘটা। পড়াশোনার পাট শেষ করে বিভিন্ন পেশায় যুক্ত আছেন এবং সাধারণভাবে সমাজ-রাজনীতি বিষয়ে জিজ্ঞাসু এমন অনেকেই হয়তো চাইবেন অমর্ত্য সেনের চিন্তার সঙ্গে পরিচিত হতে, সমকালীন সমাজ-রাজনীতি-অর্থনীতিকে ভালভাবে বুঝতে। অন্যদিকে আছেন কলেজ বিশ্ববিদ্যালয়ের সেইসব ছাত্রছাত্রীরা, যাঁদের আগ্রহ পাঠক্রমে আটকে পড়ে থাকে না।

এরকম উপলব্ধি থেকেই আমরা পরিকল্পনা করেছি একটি পাঠচক্র শুরু করার, যেখানে অমর্ত্য সেনের রচনা নিবিড়ভাবে পাঠ ও বিশ্লেষণ করা হবে, এবং তাকে ভিত্তি করে কতিপয় বিষয় বোঝার চেষ্টা করা হবে। প্রাথমিকভাবে নিচে উল্লিখিত বিষয়গুলি ভাবা হয়েছে:

- ১) আলাপ-আলোচনা-ভিত্তিক গণতন্ত্র (deliberative democracy) এবং সামাজিক চয়ন (social choice) চর্চাক্ষেত্রে বিবিধ তত্ত্বায়নের সঙ্গে এর সম্পর্ক
- ২) নীতিচিন্তায় সর্বজনীনতা (universalism)
- ৩) বহুত্ববাদী দৃষ্টিভঙ্গি (pluralism)
- ৪) ন্যায্যতা এবং তার মূল্যায়নে তুলনামূলক দৃষ্টিভঙ্গি (justice and comparative perspective on assessment of its realisation)
- ৫) স্বক্ষমতা (freedom), অধিকার (rights)
- ৬) কীসের সাম্য? (equality of what?)

আলোচনাগুলি হবে একান্তর শনিবার (মাসের প্রথম ও তৃতীয়, বা দ্বিতীয় ও চতুর্থ), আইডিএসকের সল্টলেক ক্যাম্পাসে, জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ থেকে শুরু করে। যে কোনও আগ্রহী ব্যক্তিই যোগ দিতে পারেন। কিন্তু যোগদান অবশ্যই নিয়মিত এবং সক্রিয় হতে হবে। আসন সংখ্যা অনধিক ৩০। আগ্রহীরা নিম্নলিখিত ই-মেল ঠিকানায় সংক্ষিপ্ত আত্মপরিচয়-সহ ২৩ ডিসেম্বরের মধ্যে আবেদন করুন :

Achin Chakraborty, Director, IDSK

DD 27/D, Sector 1, Bidhannagar, Kolkata 700064

Phone: 33-23213120/21

achinchak@gmail.com

অথবা

Kumar Rana, Research Director, Pratichi Institute

IB 14, Sector III, Salt Lake

Kolkata 700106

Phone: 33-40641172

k.rana7@gmail.com